

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৯.২৫-২৮


তারিখ: ১১/০২/২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ 'জাতীয় মৎস্য পদক ২০২৫'-এর মনোনয়ন প্রস্তাবে 'সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য এর স্বাক্ষর' অংশটি প্রযোজ্য না হওয়া এবং 'উপজেলা চেয়ারম্যান এর স্বাক্ষর' অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)' অনুসারে মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। সেপ্রেক্ষিতে, 'জাতীয় মৎস্য পদক ২০২৫'-এর প্রার্থী মনোনয়ন প্রদানের জন্য মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, ঢাকা এর স্মারক নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৯.২৫-১০, তারিখ: ০৬/০১/২০২৫ খ্রিস্টাব্দ মোতাবেক উপজেলা/জেলা/বিভাগ হতে মনোনয়ন প্রস্তাব আহ্বান করা হয়।

কিন্তু, বিগত ০৬/০৮/২০২৫ খ্রি. তারিখে মহামান্য রাষ্ট্রপতি নির্বাহী আদেশে দ্বাদশ জাতীয় সংসদ বিলুপ্ত ঘোষণার পর থেকে বাংলাদেশের সকল নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য পদটি শূন্য আছে। তাছাড়া, উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ ধারা ১৩৬ এর উপধারা (১) এর আলোকে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১২৪.৪৯৯, তারিখ: ১৮/০৮/২০২৪ খ্রি. নং স্মারক মোতাবেক প্রজ্ঞাপন জারি করে উপজেলা নির্বাহী অফিসারগণকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব হিসেবে স্ব স্ব উপজেলা পরিষদের প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হয়।

ফলশ্রুতিতে, 'জাতীয় মৎস্য পদক ২০২৫'-এর প্রার্থী মনোনয়ন প্রস্তাবের 'নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য এর স্বাক্ষর' অংশটি প্রযোজ্য হবে না, তথাপি উক্ত অংশে 'প্রযোজ্য নয়' লিখে এবং 'উপজেলা চেয়ারম্যান এর স্বাক্ষর' অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর সহযোগে মনোনয়ন প্রস্তাব জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



(ড. মোঃ আবদুর রউফ)

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১

ইমেইল: dg@fisheries.gov.bd

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২. জেলা মৎস্য কর্মকর্তা,..... ও সদস্য সচিব, জাতীয় মৎস্য পদক সম্পর্কিত জেলা কমিটি

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৯.২৫-২৮


তারিখ: ১১/০২/২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি ও সভাপতি জাতীয় মৎস্য পদক সম্পর্কিত জেলা কমিটি (পার্বত্য জেলা)।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. ডীন/ বিভাগীয় প্রধান/ চেয়ারম্যান, মাৎস্যবিজ্ঞান অনুশদ/ মৎস্যবিজ্ঞান বিভাগ/ মৎস্যবিজ্ঞান ও মেরিন সাইন্স/ মৎস্যবিজ্ঞান ও অ্যাকুয়াকালচার/ ওশোনোগ্রাফি বিভাগ/ ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি ডিসিপ্লিন/ ফিশারিজ এন্ড মেরিন

বায়োসাইন্স বিভাগ; বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়/ ঢাকা বিশ্ববিদ্যালয়/ গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় / খুলনা বিশ্ববিদ্যালয়/ রাজশাহী বিশ্ববিদ্যালয়/ সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়/ হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এ্যানিমেল সাইন্স বিশ্ববিদ্যালয়/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/ জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/.....।

৬. জেলা প্রশাসক (সকল)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৯. সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
১১. দপ্তর নথি।

 ১১/০২/১৫

(ড. মোঃ আমিমুল এহসান)

উপপরিচালক (মৎস্যচাষ)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা

ফোনঃ ০২-২২৩৩৮১৫৯২

ই-মেইল: ddaqua@fisheries.gov.bd